দৈনিক বাংলা

তারিখ 12 AUG 1996
পৃষ্ঠা ৫ কলাম ১

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক সংকট

ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক সংকট তীব্র হয়ে উঠেছে বলে পত্রিকান্তরে প্রকাশিত এক খবরে বলা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ৪৯টি বিভাগ ও ইন-স্টিটিউটে অনুমোদিত ১৩৫৮টি শিক্ষক পদের মধ্যে ৩১০টি পদই দীর্ঘকাল যাবৎ শূন্য রয়েছে। অবশিষ্ট ১০৪৮ জন শিক্ষকের মধ্যেও অনেকে আছেন ছুটিতে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের এই শিক্ষক সংকটের তীব্রতার ফলে সেখানে পঠন-পাঠনের ক্ষেত্রেও যে সংকট সৃষ্টি হয়েছে–এতে কোন সংশয় নেই। খবরে যে হিসাব দেয়া হয়েছে তা বিশ্লেষণ করলে দেখা যাবে যে শতকরা প্রায় ২৫ ভাগ শিক্ষকের পদই শূন্য রয়েছে। এই অবস্থায় সেখানে শিক্ষা সংকট সৃষ্টি হওয়াটাই স্বাভাবিক। অন্যদিকে যেসব শিক্ষক রয়েছেন তাদেরও অনেকে ছুটি কাটানোর ফলে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনার ক্ষেত্রে গুরুতর সংকট সৃষ্টি হয়েছে নিশ্চয়ই। এখানে উল্লেখ করা যেতে পারে যে, প্রতি বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের বহু শিক্ষক উচ্চতর ডিগ্রী অর্জনের জন্য বিদেশে যান। যতদিন প্রয়োজন তার চাইতে অনেক বেশী দিন বিদেশে অবস্থান করেন। কেউ কেউ ফিরেও আসেন না। কিন্তু তারা ফিরে আসবেন কি আসবেন না তাও তারা জানান না। বিশ্ববিদ্যালয় কর্তৃ-পক্ষ কখনও কখনও তাদের ফিরে আসার তাগিদ দিলেও তারা আইনের ফাঁক গলিয়ে সেই নির্দেশ অমান্য করেন। ফলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নতুন করে অধ্যাপক নিয়োগ করতে পারেন না। এখন যে ৩১০টি শিক্ষকের পদ শূন্য রয়েছে তার অনেকগুলোই সৃষ্টি হয়েছে এই পরিস্থিতির ফলে।

প্রতি বছর ছাত্রছাত্রীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে ঢাকা বিশ্ববিদ্যালয়ে। সে কারণে সেখানে শিক্ষকের সংখ্যা বৃদ্ধি করা দরকার। এখন সেখানে অনু-মোদিত শিক্ষকের সংখ্যা ১৩৫৮। কিন্তু প্রয়োজন অনেক বেশী। অন্যদিকে সম্মান স্নাতক কোর্সে সমন্বিত কোর্স চালু এবং সাবসিডিয়ারী কোর্স প্রত্যা-হার করার ফলে শিক্ষকের প্রয়োজন আরও বেড়ে গেছে।

আমরা মনে করি যে, ছাত্রছাত্রীদের স্বার্থে তথা উত্তম পঠন-পাঠনের স্বার্থে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সংকট জিইয়ে রাখা কোনমতেই সমীচীন নয়। অবিলম্বে তারা এই সংকট দূর করবেন বলে আমরা আশা করছি।

শুধু ঢাকা বিশ্ববিদ্যালয়েই নয়, দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ে এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে যাতে শিক্ষক সংকটের দরুন পঠন-পাঠনে ও শিক্ষাদানে সমস্যা-সংকট সৃষ্টি না হয়, উচ্চশিক্ষার তথা বৃহত্তর জাতীয় স্বার্থে সেদিকেও বিশেষ লক্ষ্য রাখা দরকার বলে আমরা মনে করি। এদিকে আমরা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।